

তথ্য কমিশনে ১২/০৬/২০১৭ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১০ টি অভিযোগের শুনানীশেষে ০৭ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়। ০১টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয়। এবং ০২ টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের উপ-সচিব, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী, বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতির মহাব্যবস্থাপক, ফেনীর পরশুরাম উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফেনী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফেনীর দাগনভূইয়া উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং রংপুর সিটি কর্পোরেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়। আইসিবি সফটওয়্যার ডিভিশনের সিস্টেম ম্যানেজার এবং ফেনীর সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

অন্যদিকে কক্সবাজারের মহেশখালী উপজেলা শিক্ষা অফিসারের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান, তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার অধ্যাপক ড. খুরশীদা বেগম সাজ্জিদ।

স্বাক্ষরিত/-

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd